

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
স্বাস্থ্য অর্থনীতি ইউনিট

১৪/২, তোপখানা রোড (৪র্থতলা), ঢাকা-১০০০।

নথি নং-৪৫.০৫.০০০০.০৭.৩১.০০৮.২০.৭২২

তারিখ: ২৮/০৮/২০২২ খ্রি:

বিষয়: “এসএসকে ক্লিনিক্যাল ম্যানেজমেন্ট প্রোটোকল” এর খসড়ার উপর মতামত প্রদান।

১০৮/০৮/২০২২

উপর্যুক্ত বিষয়ে সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য সেবা বিভাগের অধীনে স্বাস্থ্য অর্থনীতি ইউনিটের মাধ্যমে স্বাস্থ্য সুরক্ষা কর্মসূচি (এসএসকে) পরিচালিত হচ্ছে। বর্তমানে এই কর্মসূচির মাধ্যমে টাঙ্গাইল জেলার ৫ টি উপজেলায় দরিদ্রসীমার নীচে বসবাসকারী জনগণকে বেনিফিট প্যাকেজের মাধ্যমে ৭৮ টি নির্দিষ্ট রোগের চিকিৎসা বিনামূলে প্রদান করা হচ্ছে। অতিসম্প্রতি স্বাস্থ্য অধিদপ্তরের সাবেক মহাপরিচালক অধ্যাপক এম এ ফয়েজ এর নেতৃত্বে গঠিত বিশেষজ্ঞ কমিটির পরামর্শ মোতাবেক ৭৮টি রোগের এই বেনিফিট প্যাকেজটি হালনাগাদ করে রোগের সংখ্যা ১১০ টি তে উন্নীত করা হয়েছে। অতঃপর তাঁরই নেতৃত্বে গঠিত বিশেষজ্ঞ কমিটির মাধ্যমে সম্প্রসারিত বেনিফিট প্যাকেজের ১১০ টি রোগের ক্লিনিক্যাল ম্যানেজমেন্ট প্রোটোকলের একটি খসড়া প্রস্তুত করা হয়েছে। খসড়া প্রোটোকলটি স্বাস্থ্য অর্থনীতি ইউনিটের ওয়েবসাইটে আপলোড করা হয়েছে। তাসত্ত্বেও মহোদয়ের সুবিধার্থে উক্ত খসড়া প্রোটোকলের কপি এতদসঙ্গে সংযুক্ত করত এর উপর আগামী ১২/০৫/২০২২ খ্রি তারিখের মধ্যে মতামত প্রদান জন্য মহোদয়কে বিশেষভাবে অনুরোধ করা হলো।

সংযুক্ত: খসড়া প্রোটোকলের কপি সর্বমোট ২৩০ পৃষ্ঠা।

১০৮/০৮/২০২২

ড. মোঃ শাহাদৎ হোসেন মাহমুদ
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

ফোন নং: ৯৫৮৬৮২২

মহাপরিচালক
স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

